



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১



টেলিফোন : ৯৫৫১৬৫৫

ওয়েব পেজ : www.krishibank.org.bd

ই-মেইল : dgmonm@krishibank.org.bd

প্রশাসন পরিপত্র নং-০৭/২০২০

তারিখ : ০৯/০৭/২০২০ খ্রিঃ

বিষয় : “পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন” জারি প্রসঙ্গে।

বাংলাদেশ একটি দ্রুত বিকাশমান অর্থনীতির দেশ হিসেবে এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারের কর্মপরিকল্পনার অংশ হিসেবে আর্থিক খাতের মূল ধারায় Sustainability অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের বিজ্ঞাপিত সার্কুলার নং-১ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য জানুয়ারি/২০১১ সালে Environmental Risk Management(ERM) Guidelines for Banks and Financial Institutions in Bangladesh শিরোনামে একটি গাইডলাইন জারি করে। পরবর্তীতে টেকসই ব্যাংকিং এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাংকিং ও CSR কার্যক্রম সমন্বিতভাবে এবং অধিকতর দক্ষতার সাথে পরিচালনা করার লক্ষ্যে দিকনির্দেশনা প্রদান করে উক্ত গাইডলাইনটির ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংক বিগত ০৮.০২.২০১৭ তারিখে Sustainable Finance Department এর SFD Circular No.02 এর মাধ্যমে Environmental & Social Risk Management (ESRM) গাইডলাইন জারি করে, যার নির্দেশনা সমূহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে যথাযথভাবে পরিপালনের বাধ্যবাধকতা রয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বিগত ০৮.১১.২০১৮ ও ১৩.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪০০তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র ব্যাংকের “পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন” প্রস্ততির দায়িত্ব পরিদারণ বিভাগ এর উপর ন্যস্ত করা হয়। এরই প্রেক্ষিতে খসড়া “পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন” প্রস্ততপূর্বক বিগত ০৫.০৮.২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪১০তম সভায় গাইডলাইনটির খসড়া উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনাপূর্বক বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত প্রদান করা হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পরিদারণ বিভাগ কর্তৃক গাইডলাইনটি বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির বিগত ০৮.০৩.২০২০ তারিখে অনুষ্ঠিত ২৩তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভার আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনপূর্বক সংশোধিত গাইডলাইনটি বিগত ২১.০৬.২০২০ তারিখে অনুষ্ঠিত ৭৬৯তম পর্বদ সভায় পরিদারণ বিভাগ কর্তৃক উপস্থাপন করা হলে বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

“পরিদারণ বিভাগ ও ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং বিকেবি, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সুপারিশ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর ‘পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন’ অনুমোদন করা হলো।”

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্বদ কর্তৃক অনুমোদিত ‘পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন’টি ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয় ও শাখাসমূহে যথাযথভাবে পরিপালন ও অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হল।

অনুমোদনক্রমে-

সংযুক্তঃ “পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন”

(মোঃ আজিজুল বারী)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নং-প্রকা/এমপিডি/এইচআরএমডি-১(সেকশন-৩)/১০১/২০২০-২০২১/০২

তারিখঃ ০৯/০৭/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।

(মোহাম্মদ সৌম্য খান)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

## মুখবন্ধ


বিকাশমান অর্থনীতির দেশ হিসেবে বাংলাদেশে বিগত প্রায় এক দশক যাবৎ দ্রুত শিল্পায়ন জিডিপি বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। একই সাথে পরিবেশ দূষণ ও জলবায়ু পরিবর্তনের কারণে যে সব দেশ হমকির সম্মুখীন, বাংলাদেশ তাদের মধ্যে অন্যতম। বন্যা, জলোচ্ছ্বাস, ঝড় এবং খরার জন্য প্রাকৃতিক দুর্যোগের সাথে মানব সৃষ্ট কিছু কর্মকাণ্ডের কারণেও জীবকুল ও সম্পদের বিপুল ক্ষতি সাধিত হচ্ছে। যার প্রভাব পড়ছে অর্থনীতিতে, ফলে বাধাগ্রস্ত হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন। পরিবেশগত এবং সামাজিক কিছু সাধারণ উদ্বেগ হচ্ছে চাষের জমিকে শিল্প ভূমিতে রূপান্তর, জলাশয় ভরাট, বনভূমি উজাড় ও দূষণ। যা জনস্বাস্থ্য, প্রাকৃতিক, উদ্ভিদ ও প্রাণীসম্পদের উপর প্রতিকূল প্রভাব ফেলে। দেশের সামাজিক ও পরিবেশগত টেকসই উন্নয়নের জন্য এসব কর্মকাণ্ডকে নিরুৎসাহিত করা আবশ্যিক। অনবরত এসব কর্মকাণ্ড চলতে থাকলে সেটি যেমন পরিবেশের জন্য হুমকিস্বরূপ, তেমনি এগুলো নিরসন করতে না পারলে কৃষি কিংবা শিল্প সবক্ষেত্রেই ব্যাংকের ঋণ পোর্টফোলিওর উপর বিরূপ প্রভাব পড়বে এবং উন্নয়ন টেকসই হবে না।

তাছাড়া ব্যাংক ঋণ পোর্টফোলিও পরিচালনা করার সময় পরিবেশগত ও সামাজিক এসব দুর্বলতার বিষয়গুলো সক্রিয় বিবেচনায় আনা প্রয়োজন। পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনার নির্দেশিকাসমূহ আর্থিক খাতে বাস্তবায়ন টেকসই উন্নয়ন অর্জনের ক্ষেত্রে অপরিহার্য। ইতোমধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত হয়েছে; এর প্রধান লক্ষ্য হচ্ছে পরিবেশগত সংরক্ষণ এবং সামাজিক সুরক্ষা। ব্যাংকের ঋণ কার্যক্রম পরিচালনায় পরিবেশগত ও সামাজিক সমস্যাগুলোর যথাযথ ব্যবস্থাপনাকে গুরুত্ব দিতে হবে।

অর্থনৈতিক ও সামাজিক স্থিতিশীলতাকে নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় টেকসই উন্নয়ন কৌশলপত্রসহ প্রথম প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১) ও দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) প্রণয়ন করা হয়েছে। সরকারের এই পরিকল্পনা ও কৌশল বাস্তবায়নে ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোকে সুরক্ষিত করা এবং ঋণ প্রদানের ক্ষেত্রে পরিবেশ ও সামাজিক ঝুঁকি বিবেচনা করে ব্যাংকের খেলাপি ঋণের পরিমাণ বেড়ে যাওয়ার সম্ভাবনাকে হ্রাস করার লক্ষ্যে ঋণগ্রহীতাদেরকে রেগুলেটরি রিকয়ারমেন্ট পরিপালনে উদ্বুদ্ধ করতে হবে। এর মাধ্যমে সামাজিক ও পরিবেশের টেকসই উন্নয়নে ব্যাংক সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

২০১৩ সালে International Finance Corporation এর সাথে বাংলাদেশ ব্যাংক যৌথভাবে ERM গাইডলাইনের বাস্তবায়ন অভিজ্ঞতা মূল্যায়ন করার জন্য বেসলাইন স্টাডি পরিচালনা করে। এই আলোকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য Environmental & Social Risk Management (ESRM) এর একটি সমন্বিত কাঠামো নির্ধারণ করার লক্ষ্যে প্রযুক্তিগত সহায়তার নিমিত্তে বাংলাদেশ ব্যাংক International Finance Corporation (IFC) এর সাথে সমঝোতা চুক্তি করে। এর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের Sustainable Finance Department ২০১৭ সনের ফেব্রুয়ারি মাসে ESRM গাইডলাইনটি জারি করে। দেশের টেকসই উন্নয়নের জন্য কেন্দ্রীয় ব্যাংকের এ গাইডলাইনটি সকল ব্যাংকের ন্যায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক কার্যকরভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। গাইডলাইনটি প্রস্তুতে একনিষ্ঠ প্রয়াস ও আন্তরিকতার জন্য পরিধারণ বিভাগের সাবেক উপ-মহাব্যবস্থাপক মিসেস লুৎফুন নাহার নাজ, বর্তমান বিভাগীয় প্রধান জনাব মোহাম্মদ আহাদ খান এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের প্রধান জনাব মোঃ আকতার হোসেনকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

ব্যাসেল-৩ কমিটির ব্যাংকিং সুপারভিশনের সুপারিশমালা অনুযায়ী বর্তমানে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পরিপালন ভিত্তিক সুপারভিশন এর পরিবর্তে ঝুঁকি ভিত্তিক সুপারভিশন প্রবর্তনের লক্ষ্যে পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইনটি বাংলাদেশ কৃষি ব্যাংকে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তাই এই গাইডলাইনে নির্দেশিত বিধি বিধান, নির্দেশনাসমূহ আন্তরিকতা এবং নিষ্ঠার সাথে পরিপালনের জন্য ব্যাংকের সকলকে পরামর্শ প্রদান করা হলো।

  
মোঃ আলী হোসেন প্রধানিয়া  
ব্যবস্থাপনা পরিচালক

## সূচীপত্র

অধ্যায় নম্বর	বিষয়	পৃষ্ঠা নং
অধ্যায়-১	১.০০: ভূমিকা	১
	১.০১: নির্দেশনাবলীর সংক্ষিপ্ত বিবরণ	২
অধ্যায়-২	২.০০: বাংলাদেশে ব্যাংকের E & S ঝুঁকি সমূহ	৩
অধ্যায়-৩	৩.০০: ঋণ ব্যবস্থাপনায় E & S ঝুঁকি সম্পৃক্ত ঝুঁকিসমূহ	৪
	৩.০১: ঋণ ঝুঁকি	৫
	৩.০২: আইন ঝুঁকি	৫
	৩.০৩: পরিচালনগত ঝুঁকি	৫
	৩.০৪: তারল্য ঝুঁকি	৫
	৩.০৫: সুনাম ক্ষুণ্ণ হওয়ার ঝুঁকি	৬
অধ্যায়-৪	৪.০০: গাইডলাইনের প্রয়োগ যোগ্যতা	৬
	৪.০১: কৃষি ঋণ	৬
	৪.০২: এসএমই	৬
	৪.০৩: কর্পোরেট ফাইন্যান্স	৭
	৪.০৪: বাণিজ্য, খুচরা ব্যবসা ও ক্ষুদ্র অর্থায়ন	৭
	৪.০৫: প্রকল্প অর্থায়ন	৭
অধ্যায়-৫	৫.০০: প্রযোজ্য আদর্শ মান	৮
অধ্যায়-৬	৬.০০: ব্যাংকের জন্য পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা পদ্ধতি(ESMS)	৮
	৬.০১: E & S নীতিমালা	১০
	৬.০২: সাংগঠনিক কাঠামো	১০
	৬.০৩: লেনদেন যাচাইকরণ	১৩
	৬.০৪: লেনদেন শ্রেণীকরণ	১৩
	৬.০৫: ESDD পরিচালনা	১৩
	৬.০৬: সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া	১৭
	৬.০৭: সঠিক কর্ম পরিকল্পনা ও চুক্তিপত্র	১৭
	৬.০৮: পরিধারণ	১৭
	৬.০৯: বিনিয়োগ প্রকল্প গুলোর ঘটনাবলী পরিচালনা	১৮
	৬.১০: অভ্যন্তরীণ ও বাহ্যিক যোগাযোগ	১৯
অধ্যায়-৭	৭.০০: ESMS বাস্তবায়ন	১৯
অধ্যায়-৮	৮.০০: উদ্দীপনা ও নিরুৎসাহিতকরণ বিধান	২০
	৮.০১: লেনদেন/আবেদন/প্রস্তাব স্তরে উচ্চ ESRR	২০
	৮.০২: পোর্ট ফোলিও পর্যায়ে উচ্চ ESRR	২০

### পরিশিষ্ট

- পরিশিষ্ট-১: Exclusion List (বর্জন তালিকা)
- পরিশিষ্ট-২: ESDD চেকলিষ্ট
- পরিশিষ্ট-৩: Escalation Matrix
- পরিশিষ্ট-৪: ঋণের ধরণ অনুযায়ী E & S ঝুঁকি
- পরিশিষ্ট-৫: পরিকল্পনা ও পরিচালন পরিপত্র ২২/২০১৮ তারিখ ০১/১০/২০১৮
- পরিশিষ্ট-৬: সংশোধনমূলক কর্ম পরিকল্পনা
- পরিশিষ্ট-৭: মনিটরিং চেকলিষ্ট
- পরিশিষ্ট-৮: ESMS এর উন্নতকরণ
- পরিশিষ্ট-৯: প্রাসঙ্গিক জাতীয় প্রবিধানমালা এবং আন্তর্জাতিক চুক্তি
- পরিশিষ্ট-১০: সাসটেইবল ফাইন্যান্স ইউনিট এবং কমিটি

## List of Abbreviations

<b><u>SL</u></b>	<b><u>Abbreviate World</u></b>	<b><u>Elaborative World</u></b>
1	BDT	Bangladeshi Taka
2	CAMELS	Capital Adequacy Assets Management Capability Earnings Liquidity Sensitivity
3	CITES	Convention on International Trade in Endangered Species
4	CRMC	Credit Risk Management Committee
5	DoE	Department of Environment
6	E&S	Environmental & Social
7	EC	Executive Committee
8	ECR	Environment Conservation Rules
9	ERM	Environmental Risk Management
10	ESAP	Environmental and Social Action Plan
11	ESDD	Environmental & Social Due Diligence
12	ESIA	Environmental & Social Impact Assessment
13	ESMS	Environmental & Social Management System
14	ESRM	Environment and Social Risk Management
15	ESRR	Environmental and Social Risk Rating
16	ETP	Effluent Treatment Plant
17	FI	Financial Institution
18	GDP	Gross Domestic Product
19	GHGs	Greenhouse Gases
20	HoC	Head of Credit
21	IFC	International Finance Corporation
22	IMF	International Monetary Fund
23	IP	Indigenous People
24	MD	Managing Director
25	NGO	Non-Governmental Organization
26	ODS	Ozone Depleting Substances
27	PAH	Polycyclic Aromatic Hydrocarbons
28	PCB	Polychlorinated Biphenyl
29	PM	Particulate Matter
30	RMC	Risk Management Committee
31	RMG	Ready Made Garment
32	RO	Relationship Officials
33	SBN	Sustainable Banking Network
34	SFU	Sustainable Finance Unit
35	SME	Small & Medium Enterprises
36	UN	United Nations
37	UNESCO	United Nations Educational, Scientific and Cultural Organization
38	VOC	Volatile Organic Compound

## অধ্যায়-১

### ভূমিকা

#### ১.০০ ভূমিকাঃ

বাংলাদেশে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে কর্পোরেট দায়বদ্ধতা এবং পরিবেশ ও সমাজের উপর ব্যবসায়িক প্রভাবের স্বচ্ছতা আনয়নের জন্য পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনার (ESRM) নুতন আদর্শ মান এবং আচরণ বিধি প্রবর্তন/উন্নয়ন করা হয়েছে। আর্থিক খাতের দৃষ্টিকোণ থেকে পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনার ভূমিকা হচ্ছে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ/ বিনিয়োগের ক্ষেত্রে পরিবেশ ও সামাজিক ঝুঁকির কারণে সম্ভাব্য খেলাপী হওয়ার হার কমানো, যাতে করে মূল ব্যবসায়িক মডেলটি টেকসই হয়। গত দুই দশক ধরে পরিবেশ বিষয়ে সামাজিক সচেতনতা, আইনী বাধ্যবাধকতা ও সামাজিক চাপ বৃদ্ধি ইত্যাদি কারণে আন্তর্জাতিক ব্যাংকিং সেক্টরে পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনা কৌশলপত্র এবং প্রক্রিয়া গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে বিবেচিত হচ্ছে। ব্যাসেল-৩ ক্যাপিটাল এ্যাকোর্ড এ ব্যাংকের প্রয়োজনীয় মূলধন সংরক্ষণ (Capital requirement) এর ক্ষেত্রে ঋণ ঝুঁকির সাথে পরিবেশ ঝুঁকিও অন্তর্ভুক্ত করা হয়েছে। বাংলাদেশে ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওর পরিচালনার ক্ষেত্রে টেকসই অর্জনকে সংহত করার জন্য বাংলাদেশ ব্যাংক বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ ৩০/০১/২০১১ এর মাধ্যমে পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা (ERM) গাইডলাইন ইস্যু করেছে; যা কেন্দ্রীয় ব্যাংক বা আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থার জন্য ২য় অগ্রণী পদক্ষেপ। বাংলাদেশ ব্যাংকের এ গাইডলাইন জারীর উদ্দেশ্য ব্যাংকিং খাতে ঋণ ও বিনিয়োগের ক্ষেত্রে সম্ভাব্য ঋণ খেলাপী নির্ণয়ের জন্য পরিবেশগত ও সামাজিক ইস্যুগুলোর সক্রিয় মূল্যায়ন অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে ন্যূনতম মান স্থাপন করা, যাতে করে বাংলাদেশে টেকসই ব্যবসায়িক অনুশীলন শুরু হয়। ERM নির্দেশিকা প্রাথমিক ভাবে পরিবেশগত ঝুঁকির প্রতি আলোকপাত করে এবং অল্প কিছু সামাজিক ঝুঁকিও এতে অন্তর্ভুক্ত হয়। পরিবেশগত ঝুঁকির রেটিং এর এপ্রোচ গুনগত। ERM গাইডলাইন এর প্রয়োগযোগ্যতা ঋণ/বিনিয়োগের পরিমাণগত সীমা এবং ঋণের বিভাজন যেমন ক্ষুদ্র ও মধ্যম উদ্যোগ (SME), কর্পোরেট ফাইন্যান্সিং এবং রিয়েল এস্টেট ফাইন্যান্সিং এর উপর ভিত্তি করে সংজ্ঞায়িত করা হয়েছে।

ERM নির্দেশিকার মূল নীতিমালাগুলোর অন্যতম গাইডলাইনটির প্রকৃতি গতিশীল এটা স্বীকার করে নেয়া এবং প্রতি ৩ বৎসর অন্তর অথবা যখন প্রয়োজন হবে গাইডলাইনটি হালনাগাদ করার সুপারিশ রয়েছে। এই ERM গাইডলাইনের আপডেটই ESRM টাইটেল যুক্ত গাইডলাইন, যা ERM গাইডলাইনের সুপারিশ অনুযায়ী বাস্তবায়িত। বাংলাদেশ ব্যাংকের অভ্যন্তরীণ গবেষণা এবং ইন হাউস স্টাডির দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে আর্থিক খাতের জন্য ESRM বেসলাইন জরিপ এবং IFC (International Finance Corporation) এর প্রযুক্তিগত সহায়তার ফল হিসেবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে তিন স্তর বিশিষ্ট কনসালটেশন (মেইল/ইমেইল ভিত্তিক/ওয়েব ভিত্তিক/লাইভ কনসালটেশন) এর প্রবর্তন হয়েছে। বিশেষ করে আর্থিক খাতে Environmental & Social (E & S) ইস্যু নিয়ে কাজ করা উন্নয়ন অংশীদারদের সাথে পরামর্শ, নাম প্রস্তাব করা এবং ঝুঁকি নির্ধারণ করার জন্য সামাজিক প্যারামিটার এর সাথে পরিবেশগত প্যারামিটার এর পরিচয় ঘটানো।

বাংলাদেশ ব্যাংকের Sustainable Finance Department কর্তৃক ফেব্রুয়ারী, ২০১৭ সালে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য Environmental & Social Risk Management Guideline জারী করা হয়। এই গাইডলাইনটিতে Environmental ঝুঁকির সাথে Social ঝুঁকি যোগ করে ঝুঁকি ব্যবস্থাপনার বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত ভাবে আলোকপাত করা হয়েছে। সাধারণ E & S ঝুঁকি এবং ঋণ

ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত E & S ঝুঁকি এবং E & S ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইনের প্রযোজ্যতা এবং প্রায়োগিক দিক ছাড়াও পরিবেশ বিষয়ক আইন ও নীতিমালা সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। গাইডলাইনের পরিশিষ্টে বিভিন্ন ধরনের চেকলিষ্ট সংযুক্ত করা হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজের জন্য এবং ঋণ সংক্রান্ত নথি প্রক্রিয়াকরণ ও ঋণ মঞ্জুরীকরণের জন্য ব্যবহার এর লক্ষ্যে E & S ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইনটি প্রণীত হলো। ঋণ প্রক্রিয়াকরণের সময় ব্যাংকের অন্যান্য নির্দেশনার পাশাপাশি গাইডলাইনের নির্দেশনাও পরিপালন করতে হবে। এই গাইডলাইন ব্যবহার করা হবে ঋণ গ্রহীতার সাথে ব্যাংকারের সম্পর্ক উন্নয়নের জন্য, কোনো অস্থিরতা বা সমস্যা সৃষ্টি করার জন্য নয়। গাইডলাইনের মূল বিষয় হবে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা, ঝুঁকি বর্জন নয়।

সময়, চাহিদা ও পারস্পরিক অবস্থার প্রেক্ষাপটে পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইনটি সময় সময় আপডেট করা হবে এবং ভবিষ্যতে জারীকৃত নির্দেশনা ও সংশোধনী সমূহ এই গাইডলাইনে সংযোজন করে ব্যবহার উপযোগী করা হবে।

বাংলাদেশ ব্যাংক এবং IFC (International Finance Corporation) এর বিভিন্ন বিশেষজ্ঞদের সহায়তায় একটি দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে যেহেতু ঐ গাইডলাইনটি প্রণয়ন করা হয়েছে সে কারণে এই গাইডলাইনটির যথাযথ বাস্তবায়নের জন্য বাংলাদেশ ব্যাংক পুরোপুরি সহায়তা প্রদান করবে। এ ছাড়া যেহেতু বাস্তবায়ন অভিজ্ঞতার উপর ভিত্তি করে একে সংশোধন করার সুযোগ উন্মুক্ত রয়েছে সে কারণে এই গাইডলাইনটির যথাযথ প্রয়োগ করে আমরা টেকসই উন্নয়নের যাত্রাকে আরো বেগবান করতে সক্ষম হবো।

### ১.০১: গাইডলাইনের সংক্ষিপ্ত বিবরণ (Overview of the Guidelines):

ESRM (Environmental and Social Risk Management) গাইডলাইনের মুখ্য উদ্দেশ্য হচ্ছে বিবেচনায় পরিবেশ এবং সামাজিক ঝুঁকির সাথে ঋণ ব্যবস্থাপনার সামগ্রিক ঝুঁকি হ্রাসের পদ্ধতিগত সমন্বয়ের বিষয়ে উপলব্ধি করানো। যাতে করে ঋণ/বিনিয়োগ পোর্টফলিও সম্প্রসারণ করা যায় এবং উচ্চ ঝুঁকিপূর্ণ পরিবেশ এবং সামাজিক (E & S) বিনিয়োগ এড়ানো যায়। অতএব, পূর্ববর্তী ERM নির্দেশনাবলীর তুলনায় ESRM নির্দেশনাবলীর নিম্নবর্ণিত বৈশিষ্ট্যাবলী আরও সহজবোধ্য, সাবলীল এবং স্বাচ্ছন্দে ব্যবহার উপযোগী:

- \* ESRM নির্দেশনাবলীতে উপস্থাপিত নির্দেশিকাসমূহ শক্তিশালী, স্বয়ংক্রিয়, পরিমাণগত ঝুঁকি রেটিং পদ্ধতি ব্যবহার করে এবং এতে বর্ণিত গুনগত ঝুঁকি মূল্যায়ন পদ্ধতির বৈষয়িক দিকসমূহ সংকুচিত করে যা ERM গাইডলাইনস্ এ অন্তর্ভুক্ত ছিল।
- \* বাংলাদেশের জন্য প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ সামাজিক ও জলবায়ুগত ঝুঁকির উপর ESRM নির্দেশনাবলী বিশেষ গুরুত্বারোপ করে।
- \* ESRM নির্দেশনাবলীতে সর্বজনীন এবং সেক্টর নির্ধারিত পরিবেশ এবং সামাজিক করণীয় যাচাই তালিকা [ E & S Due Diligence (ESDD)] (পরিশিষ্ট-২) একীভূত গাইডেন্স হিসেবে নথিভুক্ত থাকবে যা রিলেশনশীপ ম্যানেজারদের (RM) ব্যবহার উপযোগী নির্দেশনা প্রদান করার কাজে সহায়তা করবে।
- \* ESRM নির্দেশনাবলী বিনিয়োগের সুত্রপাত করা ছাড়াও সেক্টর নির্ধারিত পরিবেশ এবং সামাজিক প্রভাবের প্রায়োগিক সংজ্ঞা প্রদান করে এবং বিভিন্ন খাতে যেমন- কৃষি, খুচরা, বাণিজ্য, ক্ষুদ্র অর্থায়ন, SME, কর্পোরেট অর্থায়ন এবং প্রকল্প অর্থায়নের পথ প্রসারিত করে।



\* ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সমূহের সামগ্রিক ঋণ নীতিমালায় E & S এর ঝুঁকিগুলো অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ESRM নির্দেশনাবলীর সাংগঠনিক ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করা হয়েছে। E & S এর ঝুঁকি মূল্যায়ন ও ঝুঁকি নির্ধারণের উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় একটি ব্যাংকের বিভিন্ন কাজ ও দায়িত্বকে ESRM এ সঠিকভাবে চিত্রিত/উপস্থাপিত করা হয়েছে।

\* নতুন ESRM নির্দেশনাবলীতে একটি সার্বজনীন ESDD যাচাই তালিকা এবং দশটি উচ্চ ঝুঁকি সম্পন্ন সুনির্ধারিত সেক্টর অন্তর্ভুক্ত আছে। সুতরাং, এটার ক্ষেত্র বিস্তৃত কিন্তু একই সাথে আর্থিক খাতের ব্যবহারকারীদের জন্য সহজতর ও সুসংহত।

## অধ্যায়-২


### বাংলাদেশে ব্যাংকের E & S ঝুঁকি সমূহ:

আর্থিক লেনদেন অনুমোদনের সময় সম্ভাব্য E & S ঝুঁকিসমূহ উল্লেখযোগ্য বা প্রাসঙ্গিক না মনে হলেও, বাস্তবায়নের সময় উপলব্ধি করা যায়; ফলাফলস্বরূপ উচ্চতর নিয়ন্ত্রণের মানদণ্ড এবং প্রয়োগের মাত্রা বৃদ্ধি পায়। অন্যান্য E & S ঝুঁকিপূর্ণ ক্ষেত্রে, যেমন- অগ্নিকান্ড বা আকস্মিক বিস্ফোরণ, সচরাচর না ঘটলেও যদি ঘটে, তবে E & S এর ঝুঁকির প্রভাব মারাত্মক হয়। গ্রাহকের E & S এর ঝুঁকিসমূহ প্রশমনের জন্য ব্যাংককে নিশ্চিত হতে হবে যেন গ্রাহকদের অর্থনৈতিক ও পরিচালনগত কর্মকান্ডকে স্থিতিশীলভাবে বাস্তবায়নের কারণে পরিবেশ ও পারিপার্শ্বিক সম্প্রদায়ের উপর প্রতিকূল প্রভাব না পড়ে। গ্রাহকদের সাথে লেনদেনের পূর্বেই তাদের কর্মকান্ড হতে উদ্ভূত সম্ভাব্য E & S এর ঝুঁকি ও এর প্রভাবগুলো সম্পর্কে ব্যাংককে সুস্পষ্ট ধারণা রাখতে হবে। E & S এর ঝুঁকিসমূহ গ্রাহকদের জন্য প্রতিকূল ফলাফল বয়ে আনার পূর্বেই ঝুঁকিগুলো সক্রিয়ভাবে সনাক্তকরণ, মূল্যায়ন ও পরিচালনা করা প্রয়োজন। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পদ্ধতি (Environmental and Social Management System- ESMS) উন্নয়ন এবং বাস্তবায়নের মাধ্যমে এবং গ্রাহকদের কর্মকান্ডের ফলে উদ্ভূত E & S ঝুঁকি এবং সুযোগগুলো তাৎক্ষণিক মূল্যায়ন এর মাধ্যমে সর্বোচ্চ সুফল অর্জন করতে পারে।

### অধ্যায়-৩

#### ঋণ ব্যবস্থাপনায় E & S ঝুঁকি সম্পৃক্ত ঝুঁকিসমূহ:

৩.০০: ব্যাংক তার গ্রাহকদের মাধ্যমেও বিভিন্ন স্তরের E & S ঝুঁকির সম্মুখীন হতে পারে। যথাযথভাবে ব্যবস্থাপনা না হলে ঝুঁকিসমূহ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ভাবমূর্তি নষ্ট, মামলার ব্যয় বৃদ্ধি ও রাজস্ব হ্রাস করতে পারে। ব্যাংকের যে কোন লেনদেনের ঝুঁকি নির্ভর করে E & S এর প্রকার, পরিমাণ ও তীব্রতার উপর; যা বিভিন্ন ফ্যাক্টর, ভৌগলিক উপাদান, শিল্প কারখানা এবং লেনদেনের প্রকারভেদ যেমন- কর্পোরেট, আবাসন, বীমা, লীজিং, ক্ষুদ্র ঋণ, প্রকল্প ঋণ, খুচরা ব্যবসা, স্বল্প মেয়াদী ঋণ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ এর উপর নির্ভর করে। বিভিন্ন ক্ষেত্রে লেনদেনের সাথে সম্পর্কিত ঝুঁকি নির্দেশনার জন্য ঋণের প্রকারভেদ অনুসারে E & S ঝুঁকি উল্লেখ করা হয়েছে (পরিশিষ্ট-৪)।



### ৩.০১: ঋণ ঝুঁকি (Credit Risk):

একটি ব্যাংক তখনই ঋণ ঝুঁকির সম্মুখীন হয় যখন একজন গ্রাহক অনিচ্ছায় অথবা অক্ষমতার কারণে E & S লেনদেনের চুক্তি সম্পর্কিত বিষয়বলির বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়। উদাহরণ স্বরূপ- যদি একজন গ্রাহকের E & S এর গুণগত মান বজায় রাখতে মূলধন বা পরিচালনগত খরচ বৃদ্ধি পায় অথবা পরিচালনগত এবং নির্গমন/নিঃসরণ অনুমোদন অনুপস্থিত থাকে অথবা মেয়াদোত্তীর্ণ হয় তাহলে নিয়ন্ত্রণমূলক জরিমানা বৃদ্ধি পায়; এসব ঝুঁকি গ্রাহকদের আর্থিক বাধ্যবাধকতা পূরণে অন্তরায়। আবার ব্যাংকে E & S সমস্যা হতে উদ্ভূত লেনদেনের সাথে সম্পর্কিত সহায়ক/জামানতের মূল্য হ্রাস থেকেও ঋণ ঝুঁকি উদ্ভূত হয়। উদাহরণ স্বরূপ- যদি উৎপাদন কেন্দ্র দূষণযুক্ত হয়, সেক্ষেত্রে মূল সহায়ক জামানতের বাজার মূল্যও হ্রাস পাবে। বাংলাদেশ কৃষি ব্যাংকে ২.০০ (দুই) কোটি টাকার উর্ধ্বে নতুন মঞ্জুরী ও বর্ধিত নবায়ন মঞ্জুরীর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সাথে সম্পাদিত MoU/২০১৭ এর ৪(এস) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ঋণ ঝুঁকি প্রশমনের জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগের মহাব্যবস্থাপক, তথা হেড অব আইসিসির মতামত গ্রহণ সম্পর্কিত নীতিমালা, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র ২২/২০১৮ তারিখ: ০১/১০/২০১৮ জারী করা হয়েছে (পরিশিষ্ট-৫)।

### ৩.০২: আইনি ঝুঁকি (Legal Risk):

ব্যাংক গ্রাহকদের সহায়ক/অতিরিক্ত জামানতি সম্পত্তি অধিগ্রহণের কারণে গ্রাহকের আইনি বাধ্যবাধকতা থেকে সৃষ্ট দায় ঝুঁকির সম্মুখীন হতে পারে। গ্রাহকের পরিচালন এবং দূষণ দূরীকরণ জনিত কারণে E & S ঝুঁকি ব্যবস্থাপনার অবহেলাজনিত ক্ষতির ফলে তৃতীয় পক্ষ জরিমানা, দন্ড এবং ব্যয় দাবী করতে পারে। পরিবেশ বিষয়ক আইনসমূহ পরিপালন না করলে ব্যাংক ঝুঁকির সম্মুখীন হতে পারে। সংক্রামিত ভূমি (Contaminated Land) জামানত হিসাবে গ্রহণ করলে বা যে ব্যবসা/প্রকল্প ঋণ প্রদান করা হয়েছে তা হতে পরিবেশে ঝুঁকিপূর্ণ আবর্জনা নিঃসৃত হলে তার জন্য আইনগতভাবে ব্যাংককে তা দূরীকরণ খরচ (Clean up cost) বহন করতে হতে পারে। যদি ব্যাংক গ্রাহকদের ব্যবসা পরিচালনে প্রধান অংশিদার হয়, তবে এ সম্পর্কিত সমস্ত E & S ঝুঁকিগুলোর জন্য সরাসরি দায়বদ্ধ হতে পারে।

### ৩.০৩: পরিচালনগত ঝুঁকি (Operational Risk):

E & S সমস্যার কারণে গ্রাহকদের কর্মকান্ড ব্যাহত হলে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান আর্থিক ঝুঁকির সম্মুখীন হতে পারে। যথাযথ ব্যবস্থাপনার অভাবে এ সমস্যাগুলো ব্যাংকের সাথে গ্রাহকের আর্থিক বাধ্যবাধকতা পূরণের এবং দৃঢ় অবস্থানের প্রভাব ফেলতে পারে অথবা লেনদেনের ক্ষেত্রে গ্রাহকের সহায়ক জামানত এর মূল্য কমাতে বাধ্য করে। গ্রাহক কার্যকরভাবে E & S বিষয়ক ঝুঁকিসমূহ নির্ণয়ে ব্যর্থ হলে উক্ত গ্রাহকের ব্যবসায়িক কর্মকান্ড বিপন্ন হতে পারে, এমনকি লেনদেন সহায়ক ব্যাংকও ক্ষতিগ্রস্ত হতে পারে।

### ৩.০৪: তরল্য ঝুঁকি (Liquidity Risk):

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহকে পরিবেশ ও সামাজিক (E&S) সমস্যার সাথে জড়িত সহায়ক জামানত হতে উদ্ভূত তরল্য ঝুঁকির সম্মুখীন হতে হয়। উদাহরণ স্বরূপঃ সরকারের পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পূর্ণ করার জন্য ব্যাংককে অভ্যন্তরীণ সম্পদ ব্যবহার করতে হয়; অথবা সহায়ক জামানত দূষিত হলে বিক্রয়ের পূর্বে তা দূষণ দূরীকরণ করতে হয়।

### ৩.০৫ : সুনাম ক্ষুন্ন হওয়ার ঝুঁকি (Reputational Risk):

সুনাম ও ভাবমূর্তি ব্যাংকের ব্যবসা পরিচালনার জন্য খুবই গুরুত্বপূর্ণ। গ্রাহকের দুর্বল পরিবেশ ও সামাজিক (E&S) অনুশীলনের সম্ভাব্য নেতিবাচক প্রচারণার কারণে ব্যাংককে সুনাম ক্ষুন্ন হওয়ার ঝুঁকির সম্মুখীন হতে হয়। এটা প্রচার মাধ্যম, জনসাধারণ, ব্যবসা এবং আর্থিক সংস্থা, এমনকি নিজস্ব কর্মীদের মাঝে ব্যাংকের ব্রান্ড ভ্যালু ও ভাবমূর্তিকে ক্ষুন্ন করে। উদাহরণ স্বরূপঃ যদি পরিচালন কার্যক্রমের কারণে একজন গ্রাহক শক্তিশালী জনরোষের সম্মুখীন হয় তবে ঐ নির্দিষ্ট গ্রাহককে সহায়তার জন্য ব্যাংকের সুখ্যাতি বিনষ্ট হয়।

## অধ্যায়-৪

### ৪.০০: গাইডলাইন গুলোর প্রয়োগ (Applicability of the Guidelines):

ESRM গাইডলাইন গুলো যে ধরনের ঋণের জন্য প্রয়োগযোগ্য তা হলঃ কৃষি ঋণ, ক্ষুদ্র ব্যবসা, বাণিজ্য, ক্ষুদ্র অর্থায়ন, এসএমই, কর্পোরেট ফাইন্যান্স এবং প্রকল্প অর্থায়ন। সকল ঋণ প্রস্তাব (নতুন/নবায়ন/পুনঃতফসিলীকরণ/পুনঃগঠন) উপর্যুক্ত প্রযোজ্য সেক্টরের আলোকে বর্জন তালিকার মাধ্যমে যাচাই করতে হবে (পরিশিষ্ট-১)।

### ৪.০১: কৃষি ঋণ (Agriculture):

কৃষি ক্ষেত্রে যদি একটি ঋণ আবেদন (নতুন/নবায়ন/পুনঃতফসিলীকরণ/পুনঃগঠন) খামার/শস্য উৎপাদন, পোল্ট্রি এবং ডেইরী উৎপাদন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট হয় তবে বর্জন তালিকা ছাড়াও সার্বজনীন ESDD যাচাই তালিকা দ্বারা যাচাই করতে হবে (পরিশিষ্ট-২); যদি সেখানে পরিবেশগত অথবা সামাজিকভাবে প্রতিকূল কোন কৃষি পদ্ধতি জড়িত থাকে। যেমন: কীটনাশক প্রয়োগ, মাটি ক্ষয়কারক কৃষি রসায়নের প্রয়োগ, ভূ-গর্ভস্থ পানি দূষণ, জৈব-সারের পরিবর্তে নাইট্রোজেন সারের ব্যবহার যা নাইট্রাস অক্সাইড নির্গমনের জন্য দায়ী ইত্যাদি। কৃষি ব্যবসার সাথে জড়িত বাছাই করণ, মোড়কজাত করণ, বিতরণ এবং বিক্রয় প্রভৃতিক্ষেত্রে ESDD যাচাই তালিকা দ্বারা যাচাই করার প্রয়োজন নেই।

### ৪.০২: এসএমই (SME):

ক্ষুদ্র উদ্যোগ সেক্টর সংক্রান্ত ১০.০০ (দশ) লক্ষ টাকার উপরে সকল ঋণ আবেদনের (নতুন/নবায়ন/ পুনঃতফসিলীকরণ/পুনঃগঠন) ক্ষেত্রে বর্জন তালিকা ছাড়াও সার্বজনীন ESDD যাচাই তালিকা (পরিশিষ্ট-২) দ্বারা যাচাই করতে হবে; এমনকি ঋণের পরিমাণ আরো কম হলেও যদি উক্ত সেক্টরটি নিম্নবর্ণিত কর্মকাণ্ডের সহিত জড়িত থাকে:

- (১) তৈরী পোষাক সেক্টরে ওয়াশিং, ডাইং, ফিনিশিং সংক্রান্ত (পানি ও রাসায়নিক দূষণ);
- (২) ক্ষুদ্র ইম্পাত রি-রোলিং কারখানা (পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি, তাপ ও বায়ু দূষণ);
- (৩) ইট ভাটা (শিশুশ্রম, বায়ু দূষণ ও জীবাশ্ম জ্বালানী পোড়ানো সংক্রান্ত দূষণ);
- (৪) চামড়া ও পশম প্রক্রিয়াকরণ ইউনিট এর ট্যানিং, ড্রেসিং ও ডাইং (বায়ু, পানি ও রাসায়নিক দূষণ);
- (৫) কীট নাশক, কৃষি রসায়ন ও নাইট্রোজেন উৎপাদন ইউনিট ( ভূমি, পানি ও বায়ু দূষণ);
- (৬) রাসায়নিক পদার্থ ও রাসায়নিক পণ্য উৎপাদন ইউনিট (নিরাপত্তা ঝুঁকি ও দূষণ);
- (৭) রাবার ও প্লাস্টিক পণ্য উৎপাদন ইউনিট (দূষণ) এবং
- (৮) ব্যাটারী এবং বিদ্যুৎ সঞ্চয়ী যন্ত্রসমূহের (Accumulators) উৎপাদন ইউনিট (রাসায়নিক দূষণ)।

মাঝারি উদ্যোগ সেক্টর সমূহের সকল ঋণ (নতুন/নবায়ন/পুনঃতফসিলীকরণ/পুনঃগঠন) আবেদন শ্রেণীগত অথবা নির্দিষ্ট সেক্টরের ESDD যাচাই তালিকা অনুসারে ডিউ ডিলিজেন্স এর মাধ্যমে প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (পরিশিষ্ট-২)।

**৪.০৩: কর্পোরেট ফাইন্যান্স (Corporate Finance):**

কর্পোরেট ফাইন্যান্স সংক্রান্ত সকল ঋণ (নতুন/নবায়ন/পুনঃতফসিলীকরণ/ পুনঃগঠন) আবেদন পরিবেশ ও সামাজিক (E&S) অনুযায়ী সার্বজনীন অথবা প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট সেক্টরের ESDD যাচাই তালিকা অনুসারে যথাযথ পদক্ষেপ নিতে হবে (পরিশিষ্ট-২)।

**৪.০৪: বাণিজ্য, খুচরা ব্যবসা ও ক্ষুদ্র অর্থায়ন (Trade, Retail and Microfinance):**

বাণিজ্য, খুচরা ব্যবসা ও ক্ষুদ্র অর্থায়ন এর সকল ক্ষেত্রে শুধুমাত্র বর্জন তালিকার বিষয়ে পর্যালোচনা করতে হবে। বর্জন তালিকায় অন্তর্ভুক্ত যে কোন লেনদেন বাতিল করতে হবে।

**৪.০৫: প্রকল্প অর্থায়ন (Project Finance):**

সকল প্রকল্প অর্থায়ন জনিত লেনদেনের ক্ষেত্রে বর্জন তালিকা এবং সার্বজনীন নির্দিষ্ট সেক্টরের ESDD যাচাই তালিকা ছাড়াও তৃতীয় পক্ষের পরিবেশ ও সামাজিক প্রভাব জনিত মূল্যায়ন (ESIA) পরিচালনা করতে হবে। ESIA (Environmental & Social Impact Assessment) সাধারণত ঋণ গ্রহীতা স্ব-উদ্যোগে নিজের খরচে এবং ঋণ আবেদনের সাথে জমা দিয়ে থাকে। এই উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দিষ্ট মাপকাঠি অনুযায়ী তৃতীয় পক্ষ উপযুক্ত কিনা সেটি বিবেচনা নিশ্চিত করবে।

**টেবিল-১: লেনদেনের ধরণ অনুযায়ী গাইডলাইনের প্রয়োগ যোগ্যতা:**

ক্রমিক নং	লেনদেনের ধরণ	এক্সক্লুসন লিষ্ট বা বর্জন তালিকা	ESDD চেকলিষ্ট	৩য় পক্ষ ESIA
১	খামার ও শস্য উৎপাদনসহ কৃষি কাজ	√	√	
২	অন্যান্য কৃষি সংক্রান্ত কাজ	√		
৩	খুচরা, বাণিজ্য, ক্ষুদ্র অর্থায়ন	√		
৪	উপর্যুক্ত ৪.০২.১ হতে ৪.০২.৮ ভুক্ত যেকোনো একটি ক্ষুদ্র সেক্টর	√	√	
৫	৪.০২.১ হতে ৪.০২.৮ ভুক্ত উপর্যুক্ত কোনো ক্যাটাগরিভুক্ত হয়নি এমন ক্ষুদ্র সেক্টর	√		
৬	মাঝারি প্রকল্প	√	√	
৭	কর্পোরেট অর্থায়ন	√	√	
৮	প্রকল্প অর্থায়ন	√	√	√

## অধ্যায়-৫

### প্রযোজ্য আদর্শ মান (Applicable Standards):

E & S গভর্নেন্স সংক্রান্ত সকল জাতীয় নীতিমালা যে কোন E & S ডিউ ডিলিজেন্স অনুযায়ী বিশেষ লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এর মানে হচ্ছে সকল প্রাসঙ্গিক E & S ঋণ আবেদন মূল্যায়ন করার জন্য জাতীয় প্রবিধানমালা মেনে E & S এর প্যারামিটার অনুযায়ী মনিটরিং, সম্মতি, লাইসেন্স বিবেচনা করা বাধ্যতামূলক। প্রযোজ্য জাতীয় প্রবিধানমালা এবং আন্তর্জাতিক চুক্তির যেখানে বাংলাদেশ স্বাক্ষর করেছে তার একটি তালিকা রেফারেন্স হিসেবে দেয়া হলো (পরিশিষ্ট-৯)।

আন্তর্জাতিকভাবে ISO 14001 অনুযায়ী গ্রাহকগণ পরিবেশ ব্যবস্থাপনা, OHSAS 18001 অনুযায়ী পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা, SA 8000 অনুযায়ী সামাজিকভাবে গ্রহণযোগ্য কর্মক্ষেত্র যদি থাকে তাহলে এ সব কিছুই একটি ভাল ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। বড় প্রকল্পে অর্থায়ন একটি শক্তিশালী ভাল অনুশীলন ও ঐচ্ছিক প্রয়োজন হিসেবে IFC(International Finance Corporation) পারফরমেন্সের মানদণ্ডে বিবেচিত হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে E & S ঝুঁকি সনাক্তকরণ, পরিচালনা ও হ্রাসকরণের জন্য সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য একটি শক্তিশালী পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা ব্যবস্থার (ESMS) বিকাশ ঘটাতে হবে।


## অধ্যায়-৬

### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পদ্ধতি:

Environmental & Social Management System(ESMS) For Bank/FIs হচ্ছে ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের E & S ঝুঁকিগুলোর এক্সপোজার ব্যবস্থাপনা, সনাক্তকরণ, নজরদারি করার অভ্যন্তরীণ দক্ষতা এবং নীতিমালা, পদ্ধতি ও হাতিয়ার সমূহের সমন্বয়। ESMS ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের E & S ব্যবস্থাপনার প্রতি অঙ্গীকার বিবৃত করে এবং আর্থিক লেনদেনের ক্ষেত্রে E & S ঝুঁকিসমূহ সনাক্তকরণ, মূল্যায়ন ও ব্যবস্থাপনার পদ্ধতি ব্যাখ্যা করে; সিদ্ধান্ত নেয়ার প্রক্রিয়া সংজ্ঞায়িত করে, সেইসাথে এই কাজগুলো করার বিষয়ে কর্মীদের ভূমিকা, দায়িত্ব এবং দায়বদ্ধতার বিষয়েও বর্ণনা করে; দলিলায়ন ও রেকর্ড সংরক্ষণের প্রয়োজনীয়তার ফলাফল উল্লেখ করা হয়। E & S ঝুঁকির উপর ভিত্তি করে E & S ডিউ ডিলিজেন্স অনুযায়ী পরিচালনা করে এবং গ্রাহকের E & S কর্মকান্ড পর্যবেক্ষণপূর্বক লেনদেন মূল্যায়ন এবং শ্রেণীকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করে। ESMS এ আর্থিক প্রতিষ্ঠানের পরিবেশগত সামাজিক নীতিমালা এবং তার কর্মীদের নির্দিষ্ট ভূমিকা ও দায়িত্বসমূহ অন্তর্ভুক্ত থাকে। কয়েকটি পদ্ধতিতে এটি বাস্তবায়িত হয়ঃ

- \* লেনদেন পরীক্ষাকরণ;
- \* পরিবেশগত ও সামাজিক ডিউ ডিলিজেন্স পরিচালনা করা;
- \* পরিবেশগত ও সামাজিক ঝুঁকির ভিত্তিতে লেনদেনগুলোকে শ্রেণীবিন্যাসিত করা;
- \* সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া;
- \* গ্রাহক/বিনিয়োগকারীর পরিবেশগত ও সামাজিক কর্মকান্ড পর্যবেক্ষণ করা এবং
- \* ব্যাংকের পরিবেশগত ও সামাজিক আদর্শ মানের সাথে অসঙ্গতিপূর্ণ বিষয়গুলোতে গ্রাহক/বিনিয়োগকারীর মাঝে সমন্বয় সাধন করা।

ESMS এর উপাদান  
(Components of an ESMS)



ESMS ও বর্ণিত পদ্ধতিগুলো ব্যাংকের প্রতিটি লেনদেনের উপর সামগ্রিক ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোর একটি অংশ হিসেবে প্রয়োগ করা আবশ্যিক। প্রতিটি লেনদেনের ক্ষেত্রে একটি আর্থিক প্রতিষ্ঠানকে তার রেকর্ড সংরক্ষণ পদ্ধতির অংশ হিসেবে আনুষ্ঠানিকভাবে পরিবেশগত ও সামাজিক পর্যালোচনা নথিভুক্ত করা প্রয়োজন। সিদ্ধান্ত গ্রহণের সময় পরিবেশগত এবং সামাজিক বিষয়গুলো বিবেচনা করা এবং পরিবেশগত ও সামাজিক প্রয়োজনীয়তা গুলোর সাথে গ্রাহক/বিনিয়োগকারীর আইনী চুক্তির ধারাসমূহের সংশোধিত কর্মপরিকল্পনাও অন্তর্ভুক্ত করতে হবে। সমগ্র পরিচালন কর্মকান্ড জুড়ে কার্যকরভাবে ESMS বাস্তবায়ন নিশ্চিত করতে হলে বিকেবি'র অভ্যন্তরীণ যোগাযোগ ও প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় সম্পদ বরাদ্দের প্রয়োজন। ভাল কর্পোরেট অভ্যাসের প্রতি প্রতিশ্রুতির অংশ হিসেবে ব্যাংক লেনদেনের ক্ষেত্রে পরিবেশগত ও সামাজিক ঝুঁকি সংশ্লিষ্ট সামগ্রিক এক্সপোজার হ্রাস করার জন্য গৃহীত পদক্ষেপ সম্পর্কে সময় সময় রিপোর্ট করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ESMS পদ্ধতিসমূহের উপযোগিতা:

- \* গ্রাহক/বিনিয়োগকারীদের সাথে সম্পর্কিত পরিবেশগত ও সামাজিক ঝুঁকি চিহ্নিত করা ও তার পোর্টফোলিওতে সম্ভাব্য প্রভাব অনুধাবন করা;
- \* নিয়মতান্ত্রিকভাবে পরিবেশগত ও সামাজিক ঝুঁকিগুলো পরিমাপ ও সমন্বয় করা;
- \* দলিলায়ন ও রেকর্ড সংরক্ষণসহ ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির প্রয়োজনীয় পদক্ষেপগুলোর প্রয়োগ;
- \* জাতীয়, পরিবেশগত ও সামাজিক ক্ষেত্রে বিধি-বিধান/ প্রবিধানগুলো এবং আন্তর্জাতিক আদর্শমান অনুযায়ী গ্রাহক/বিনিয়োগকারীর পর্যবেক্ষণ করা;
- \* পরিবেশগত ও সামাজিক ক্ষেত্রে চিহ্নিত ঝুঁকি প্রশমনে গ্রাহক/বিনিয়োগকারীগণের কার্যকরী পদক্ষেপ গ্রহণ;
- \* সামাজিক ও পরিবেশগত ব্যবসায়িক সুযোগগুলো চিহ্নিত করা এবং
- \* ফাইন্যান্সিয়াল মার্কেটের গ্রাহক, বিনিয়োগকারী এবং অন্যান্য প্রাসঙ্গিক পক্ষগুলোর সাথে ও গ্রাহক/বিনিয়োগকারীগণের মাঝে সুনামের/সুখ্যাতির বিকাশ ঘটানো।

ESMS এর মূল উপাদানগুলো নিয়ে বর্ণনা করা হলো:

#### ৬.০১: E & S নীতিমালা:

E & S নীতি পরিবেশ, সমাজ এবং টেকসই উন্নয়নের অবদানের বিষয়টি বিবেচনায় নিয়ে একটি লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করে। এটি একটি সংক্ষিপ্ত লিখিত বিবৃতি যা ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রমের সাথে টেকসই উন্নয়নে অবদান সমূহকে একত্রিত করার প্রতিশ্রুতি প্রকাশ করে। এটি ব্যাংকের ভিত্তি হিসেবে কাজ করে যার মধ্যে ESMS এর উদ্দেশ্য ও পদ্ধতিগুলো লিপিবদ্ধ করা আছে। E & S নীতি উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও সমর্থিত হওয়া বাঞ্ছনীয়। এর মধ্যে নিম্নলিখিত বিবৃতি ও অঙ্গীকার অন্তর্ভুক্ত হতে পারে-

- \* সকল আর্থিক কার্যক্রমেই E & S ঝুঁকি বিবেচনা অন্তর্ভুক্ত করা;
- \* কৌশলগত E & S উদ্দেশ্য নির্ধারণ করা যেমন- E & S এর সম্বোধন করে নতুন পণ্য সরবরাহ;
- \* যেসকল গ্রাহকদের ব্যবসায়িক কার্যক্রম ব্যাংকের আদর্শ বিরোধী, তাদের অর্থায়ন থেকে বিরত থাকা;
- \* জাতীয় E & S প্রবিধান এবং আন্তর্জাতিক আদর্শমান অনুসরণ করার বিষয়ে গ্রাহকগণের জন্য E & S নীতি প্রতিষ্ঠা করা;
- \* E & S প্রত্যাশার বিষয়ে সকল কর্মী, গ্রাহক ও বহিরাগত সুবিধা ভোগীদের মাঝে যোগাযোগ স্থাপন;
- \* ঝুঁকি ব্যবস্থাপনা বর্ধিতকরণের মাধ্যমে সামগ্রিকভাবে E & S পারফরমেন্স উন্নয়ন করা এবং
- \* কর্মীগণের E & S ঝুঁকি চিহ্নিত করাসহ E & S ও বিনিয়োগ কর্মকর্তা/বিশ্লেষকদের ক্রমাগতভাবে দক্ষতা বৃদ্ধি করা।

যদিও E & S নীতির কোন প্রচলিত উপাদান নেই, তথাপি এটি অবশ্যই ব্যাংকের নির্দিষ্ট উদ্দেশ্য মেনে চলবে এবং E & S মান অনুযায়ী প্রধান E & S অগ্রাধিকারগুলো এবং পাশাপাশি উদ্বেগগুলোকেও প্রতিফলিত করবে যাতে করে গ্রাহকগণ এর পরিপালন করতে পারে। ঋণ কর্মকর্তাগণ ব্যাংকের সাথে সম্পর্কিত E & S ঝুঁকি বুঝার জন্য ব্যাংকের পোর্টফোলিও পর্যালোচনা করে E & S নীতির উন্নয়ন ঘটাতে পারেন।

#### ৬.০২: সাংগঠনিক কাঠামো:

ESMS যথাযথভাবে কার্যক্রম চালানোর জন্য প্রয়োজনীয় পদ্ধতিসমূহ পরিচালনা এবং সিদ্ধান্ত গ্রহণের ভূমিকা ও দায়িত্ব সুস্পষ্ট ভাবে সংজ্ঞায়িত করা অপরিহার্য। ESMS এর বিভিন্ন দিক বাস্তবায়নের কাজে ব্যাংকের নিয়োক্ত কর্মকর্তাগণ জড়িত থাকবেন-

##### \* রিলেশনশীপ কর্মকর্তা (কর্পোরেট, রিটেইল, এসএমই অথবা কৃষি ঋণ বিভাগের কর্মকর্তা):

কোন ঋণ গ্রহীতার কার্যক্রমে E & S ঝুঁকি চিহ্নিত করা রিলেশনশীপ কর্মকর্তার দায়িত্ব। ঋণ গ্রহীতা/প্রাসঙ্গিক কর্মকর্তার সাথে আলাপ আলোচনা, সাইট ভিজিট, নথি সংগ্রহের মাধ্যমে প্রস্তাবিত লেনদেনের উপযুক্ততা অনুমোদন করাও তার দায়িত্ব। অনুমোদন পর্যায়ে ঋণ গ্রহীতার সংগে আলোচনা করে ESDD চেকলিষ্ট পূরণ, অতিরিক্ত তথ্য সংগ্রহ, প্রয়োজনীয় ক্ষেত্রে ঋণ বিষয়ক বিভিন্ন অনুসন্ধানের জবাব দেয়া এবং প্রয়োজন হলে ঋণ গ্রহীতার কোন প্রাক বিতরণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন হলে সেগুলো ফলোআপ করাও রিলেশনশীপ কর্মকর্তার দায়িত্ব।



**\* ক্রেডিট ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা:**

প্রধান কার্যালয়/শাখার ঋণ/বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণ (কেন্দ্রীভূত বা বিকেন্দ্রীকৃত ঋণ ব্যবস্থাপনা ব্যবস্থার উপর নির্ভর করে) রিলেশনশীপ কর্মকর্তা কর্তৃক ESDD সম্পন্ন হওয়ার পর যে কোন লেনদেনের ক্ষেত্রে প্রথম ফোকাল পয়েন্ট। ঝুঁকির মাত্রার উপর নির্ভর করে কর্মকর্তাগণ ধাপে ধাপে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা প্রধানের নিকট প্রস্তাব প্রেরণ করেন। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের অধীন ESRM এর জন্য একটি স্বতন্ত্র ইউনিট থাকবে যেখানে ন্যূনতম একজন সার্বক্ষণিক (Dedicated) কর্মকর্তা কাজ করবেন।

**\* ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা প্রধান:**

ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা প্রধান নিশ্চিত করবেন যে প্রতিটি লেনদেনের ক্ষেত্রে কোন জটিল E & S ইস্যু উপেক্ষা করা হয়নি এবং ঋণ গ্রহীতার E & S ঝুঁকি পরিচালনার কর্মক্ষমতার সমর্থন করার জন্য পর্যাপ্ত তথ্যচিত্র রয়েছে। এটাও তিনি নিশ্চিত করবেন যে চিহ্নিত ঝুঁকি ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**\* সিনিয়র ম্যানেজমেন্ট/ পরিচালকবৃন্দ:**

E & S এর উদ্দেশ্যগুলোর বিষয়ে সামগ্রিক প্রতিশ্রুতির জন্য বিকেবি'র উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মূলতঃ দায়ী থাকবেন। বিকেবি'র ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং বোর্ড/পর্যদ সিনিয়র ম্যানেজমেন্টকে রিপ্রেজেন্ট করেন। ব্যাংকের উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তার গ্রাহকদের জন্য E & S প্রয়োজনীয়তা এবং শর্তাদি তৈরী করেন। অমিমাংসিত E & S ইস্যুর ক্ষেত্রে অথবা CRM/IRM প্রধান কর্তৃক সমাধানযোগ্য নয় এমন কোন লেনদেন সম্পর্কিত অপরিপালিত বিষয়গুলোর বিষয়ে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ E & S ঝুঁকির সম্ভাব্য এক্সপোজার কমানোর জন্য সঠিক দিক নির্দেশনা নির্ধারণ করেন, যা ব্যাংক অনুসরণ করবে, যাতে কিনা গ্রাহকদের বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের বিষয়টিও অন্তর্ভুক্ত। লেনদেন শুরু হওয়ার আগেই সামগ্রিকভাবে ঝুঁকির এক্সপোজার অনুযায়ী যদি উচ্চ মাত্রায় E & S ঝুঁকি যুক্ত কোন প্রকল্প ব্যাংকের নিকট গ্রহণযোগ্য হয়, সেক্ষেত্রে এমন সিদ্ধান্ত নেয়ার জন্য পর্যদ/নির্বাহী কমিটি দায়ী। প্রকল্পের ঝুঁকির স্তরের উপর ভিত্তি করে এমন লেনদেন কিছু ক্ষেত্রে পর্যদ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি (RMC) ব্যাংকের সামগ্রিক ESRM কার্যক্রম পর্যালোচনা, পরিধারণ এবং তত্ত্বাবধান এর দায়িত্ব পালন করবেন।


**\* আইন বিভাগ:**

প্রতিটি লেনদেনের জন্য ব্যাংকের E & S প্রয়োজনীয়তাসমূহ আইনী চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা আইন বিভাগ নিশ্চিত করবে। গ্রাহকের E & S ধারাগুলোর নন কমপ্ল্যায়েন্সের কারণে যদি চুক্তি লংঘিত হয়, সেটি আইনী চুক্তির শর্তাবলী ভঙ্গ করার ঘটনা হিসেবে বিবেচিত হবে। সেক্ষেত্রে আইন বিভাগ উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বিষয়টি দেখার জন্য পরামর্শ প্রদান করতে পারে।

**\* টেকসই আর্থিক ইউনিটঃ Sustainable Finance Unit (SFU):**

টেকসই আর্থিক ইউনিট (SFU) [১লা ডিসেম্বর ২০১৬ সালের বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত পরিপত্র নম্বর ০২/২০১৬ এর নির্দেশনায় গঠিত] ব্যাংকের বিভিন্ন বিভাগ, শাখার সমন্বয়ের মাধ্যমে ESRM পরিপালন নিশ্চিত করা এবং ESRM এর যথাযথ বাস্তবায়নের জন্য দায়ী। ব্যাংকের ESRM সম্পর্কে পোর্টফোলিওর অবস্থা হালনাগাদ করার দায়িত্ব SFU এর উপর বর্তায়। E & S সম্পর্কিত অমিমাংসিত বা অপরিপালিত বিষয়গুলো বোর্ড/ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সুবিধা প্রদান করে। এই ইউনিট বাংলাদেশ ব্যাংক বা যখন যেখানে প্রয়োজন অনুযায়ী পর্যায়ক্রমিক প্রতিবেদন প্রদানের জন্য দায়ী থাকে। বোর্ড এর আহবানে টেকসই আর্থিক কমিটির প্রধান একটি বিশেষ লেনদেনের ক্ষেত্রে সমালোচনামূলক E & S সম্পর্কিত বিষয়ে মতামত প্রদান করবেন। মিডিয়াতে সর্বশেষ E & S ইস্যুসমূহ ট্র্যাকিং এবং ঋণ প্রদানের সময় E & S ঝুঁকি সনাক্তকরণে মাঠকার্যালয় সমূহ এবং ব্যবস্থাপনাকে সাপোর্ট দেয়াও SFU এর দায়িত্ব।

**টেকসই আর্থিক ইউনিট**  
**Sustainable Finance Unit**



ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট গঠন ও কর্মপরিশিষ্ট প্রণয়ন এর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর ১ লা ডিসেম্বর ২০১৬ এর এসএফডি সার্কুলার নং: ০২ এর অনুষ্টেদ ২.১ এবং ২.২ অনুসারে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের উপমহাব্যবস্থাপককে সভাপতি করে ০৭ সদস্য বিশিষ্ট “বাংলাদেশ কৃষি ব্যাংক সাসটেইনবল ফাইন্যান্স ইউনিট” এবং উপব্যবস্থাপনা পরিচালক ০১’কে সভাপতি করে ১৬ সদস্য বিশিষ্ট “বাংলাদেশ কৃষি ব্যাংক সাসটেইনবল ফাইন্যান্স কমিটি” গঠন করা হয়েছে (পরিশিষ্ট-১০)।

\* কমিটির কর্মকান্ড নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবেঃ

- ১) টেকসই ব্যাংকিংয়ের মাধ্যমে আর্থিক খাতের স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকের পরিবেশবান্ধব ব্যাংকিং ও CSR কার্যক্রম সমন্বিতভাবে এবং অধিকতর ফলপ্রসূ ও দক্ষতার সাথে পরিচালনা করতে হবে এবং বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক প্রতিবেদন সঠিকভাবে পূরণ করে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২) ত্রৈমাসিক ভিত্তিতে সাসটেইনবল ফাইন্যান্স কমিটি’র সভা আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপন করতে হবে।

#### ৬.০৩: লেনদেন যাচাইকরণ (Screening Transaction):

একটি সম্ভাব্য আর্থিক লেনদেন যাচাইকরণের প্রাথমিক পর্যায়ে গ্রাহকদের কার্যক্রম বর্জন তালিকাভুক্ত কিনা তা RO (Relationship Officer) কর্তৃক নির্ধারণ করা উচিত। যদি কার্যক্রম ব্যাংকের বর্জন তালিকাভুক্ত হয়, তবে আর্থিক লেনদেন বিবেচনা করা হবে না। প্রাথমিক যাচাইকরণের এর ক্ষেত্রে RO বর্ণিত লেনদেনটি পরিবেশ অধিদপ্তরের উচ্চ ঝুঁকি লেনদেন এর শ্রেণীবিভাগে পড়ে কিনা তা বিবেচনা করে দেখবে। ঝুঁকিপূর্ণ সেক্টর বুঝতে পরিবেশ অধিদপ্তরের শ্রেণীবিভাগ গুরুত্বপূর্ণ, কিন্তু ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সমূহের সুনির্দিষ্ট লেনদেন ঝুঁকি সনাক্তকরণে ESDD প্রয়োগ করা প্রয়োজন।

#### ৬.০৪: লেনদেন শ্রেণীকরণ (Categorizing Transaction):

বিভিন্ন ধরনের আর্থিক লেনদেন এবং শিল্প খাতে E & S ঝুঁকি মাত্রার ব্যাপক পরিবর্তন হয়। প্রতিটি লেনদেনের E & S ঝুঁকি শ্রেণীকরণ করা উচিত। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মীগণের ESDD প্রয়োগের মাধ্যমে প্রতিটি লেনদেনের E & S ঝুঁকি শ্রেণীকরণ করা উচিত। লেনদেনের সাথে সম্পর্কযুক্ত E & S ঝুঁকি সম্পর্কে এতে প্রাথমিক ধারণা পাওয়া যায়। E & S ডিউডিলিজেন্স এর ফলাফল এর সাথে একত্রে E & S ঝুঁকির শ্রেণীবিভাগ একটি লেনদেনের সামগ্রিক মূল্যায়ন এবং কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। এই প্রাথমিক শ্রেণীকরণ পরিবেশ অধিদপ্তরের শ্রেণী বিভাগ অনুযায়ী সবুজ, কমলা A, কমলা B এবং লাল শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে। পরিবেশ সংরক্ষণ নীতি Environmental Conservation Rules (ECR), ১৯৯৭ এ ব্যবসা শ্রেণীকরণ এর একটা তালিকা রয়েছে। ব্যাংক ঝুঁকি শ্রেণীকরণে আর্থিক মধ্যস্থতাকারী হিসেবে গ্রাহক মাইক্রোফিন্যান্স ইনিস্টিটিউশন, প্রাইভেট ইকুইটি ফান্ড, লিজিং এবং ইন্সুরেন্স কোম্পানীর লেনদেনের সাথে জড়িত থাকে, যার ফলে আর্থিক মধ্যস্থতাকারীগণ অন্যান্য গ্রাহকদের জন্যও অর্থায়ন প্রাপ্যতার সুযোগ এনে দেয়। আর্থিক মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের দায়িত্ব থাকে পরিবেশ ও সামাজিক ঝুঁকি সম্পর্কিত লেনদেন যথাযথভাবে পরিচালনা করার। একটি ব্যাংক পরিবেশ ও সামাজিক ঝুঁকি শ্রেণীকরণের মাধ্যমে পোর্টফোলিও লেভেলে পরিবেশ ও সামাজিক ঝুঁকির সামগ্রিক মনিটরিং এবং মূল্যায়ন করে। শিল্পের খাত ও লেনদেনের প্রকৃতি অনুযায়ী পরিবেশ ও সামাজিক ঝুঁকি বিবেচনায় ব্যাংক ঋণের প্রান্তিক সীমা নির্ধারণ করতে পারে। যার মাধ্যমে একটি আর্থিক প্রতিষ্ঠানের পোর্টফোলিও সমূহের ঝুঁকি মোকাবেলা এবং পরিবর্তিত পরিস্থিতিতে সংশ্লিষ্ট গ্রাহক বা বিনিয়োগকারীদের উপরে পরিবেশগত ও সামাজিক প্রভাব বিশ্লেষণ করা যায়। এছাড়াও এই তথ্যগুলো ব্যবহার করে সামগ্রিক পরিবেশগত এবং সামাজিক কর্মক্ষমতার বিষয়ে অভ্যন্তরীণভাবে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে এবং বাহ্যিকভাবে অন্যান্য স্টেক হোল্ডারদের রিপোর্ট করা যাবে।

#### ৬.০৫: ESDD পরিচালনা (Conducting ESDD):

ব্যাংকের ESMS (Environmental & Social Management System) এর ক্ষেত্রে লেনদেনে ESDD (Environmental & Social Due Diligence) পরিচালনা করা একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং পরবর্তীতে লেনদেন এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণে ESDD এর ফলাফল প্রভাবিত করবে। ESDD এর উদ্দেশ্য হচ্ছে কোন গ্রাহকের ব্যবসায়িক কর্মকাণ্ডের ফলে ESMS সৃষ্টি হবে না, তা নিশ্চিত করার জন্য পরিবেশ ও সামাজিক ঝুঁকিসমূহ পুনর্বিবেচনা করা। পরিবেশ ও সামাজিক ঝুঁকিসমূহ ব্যাংকের জন্য দায় হয়ে দাঁড়াতে পারে।

### E & S এর মূল্যায়ন এর উদ্দেশ্য হলোঃ

- \* একটি প্রস্তাবিত বিনিয়োগ প্রকল্পের সাথে যুক্ত সম্ভাব্য প্রতিকূল এবং অনুকূল E & S ইস্যু এবং এর প্রভাব সনাক্ত ও নির্ধারণ করা।
- \* জাতীয় আইন অনুযায়ী প্রকল্পের অপরিপালিত ক্ষেত্র সমূহে ত্রুটি বিশ্লেষণ (gap analysis) করা।
- \* চিহ্নিত প্রভাব এবং প্রয়োজন অনুযায়ী সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে গ্রাহকের অঙ্গীকার/প্রতিশ্রুতি এবং যোগ্যতা নির্ধারণ।
- \* গ্রাহকের E & S ব্যবস্থাপনা পদ্ধতির গ্রহণযোগ্যতা ও পর্যাপ্ততা নির্ধারণ করা এবং বিরূপ প্রভাব এড়ানো, কমানো বা দূর করা এবং প্রয়োজন অনুযায়ী ক্ষতিপূরণের ব্যবস্থাগুলো চিহ্নিত করা।
- \* কর্মচারী, ক্ষতিগ্রস্ত কমিউনিটি ও পরিবেশের উপর প্রতিকূল প্রভাব এড়ানো, হ্রাস করা এবং সামাল দেয়ার পদক্ষেপগুলো চিহ্নিত করা বা ক্ষতিপূরণ করা।
- \* সকল গুরুত্বপূর্ণ ত্রুটি দূর করার জন্য নির্দিষ্ট কর্ম ভিত্তিক মূল্যায়ন করতে হবে যাতে করে সকল ত্রুটি এবং অপরিপালিত বিষয়গুলো তুলে ধরে একটি পরিবেশগত এবং সামাজিক কর্ম পরিকল্পনার (ESAP or action) রূপরেখা প্রণয়ন করা যায়।
- \* বিনিয়োগ চুক্তিতে (যেমন- ঋণ দলিলায়ন) যথাযথ সংজ্ঞা, উপযোগিতা, ধারা, আনুসঙ্গিক বিষয়াবলী এবং E & S আইন এবং বিধিমালা, অংশীদারী ঋণ গ্রহীতার সকল বাধ্যবাধকতার সংগে যুক্ত উপাদানগুলো অন্তর্ভুক্ত আছে কিনা, ESAP এবং সাধারণ ও সেক্টর ভিত্তিক নির্দিষ্ট চেকলিষ্ট এবং প্রযোজ্য সেকশনগুলো এবং শর্তাধীন উন্নতি বা পারফরমেন্স রিপোর্ট করার বাধ্যবাধকতা প্রভৃতি বিষয়ে নিশ্চিত করতে হবে।
- \* E & S পারফরমেন্সকে উন্নত করার জন্য সুবিধাগুলো চিহ্নিতকরণ (উদাহরণঃ দূষণবিহীন উৎপাদন এবং জ্বালানী শাশ্রয়ে দক্ষতা)।
- \* তদারকী পর্যয়ে নির্দিষ্ট প্রতিবেদনের প্রয়োজনীয়তাগুলোর কাঠামা নির্ধারণ করে ব্যাংকের টেকসই পরিচালন কার্যের আইন সম্পর্কে গ্রাহককে স্বচ্ছ দৃষ্টিভঙ্গি ও ধারণা প্রদান করতে হবে।


E & S ডিউ ডিলিজেন্স এর সাথে E & S ঝুঁকি যুক্ত প্রস্তাবিত লেনদেন এর পদ্ধতিগত সনাক্তকরণ, পরিমাণ বিশ্লেষণ এবং মূল্যায়ন জড়িত। এই প্রক্রিয়া চিহ্নিত যে কোন E & S ঝুঁকি হ্রাস করার জন্য প্রয়োজনীয় যে কোন হ্রাসকরণ পদক্ষেপ সনাক্তকরণেও সাহায্য করে থাকে। E & S ডিউ ডিলিজেন্স এর পরিমাণ এবং বিস্তারিত মাত্রা E & S ঝুঁকি বিভাগের লেনদেনের উপর নির্ভর করে এবং লেনদেনের ধরনের সাথে এর পরিবর্তনও হয়।

সেক্টর নির্দিষ্ট ESDD চেকলিষ্ট পাওয়া না গেলেও ব্যাংক নির্দিষ্ট সেক্টরের জন্য একটি জেনেরিক ESDD চেকলিষ্ট রেফার করবে। যে সেক্টরের জন্য সেক্টর নির্দিষ্ট চেকলিষ্ট বর্তমান আছে সেক্ষেত্রে ব্যাংক সেই সংশ্লিষ্ট সেক্টরকে ESDD পালন করার উদ্দেশ্যে নির্দিষ্ট চেকলিষ্ট ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করবে। ESDD চেকলিষ্টে সন্নিবেশিত প্রশ্নের জবাবের উপর নির্ভর করে (জেনেরিক এবং নির্দিষ্ট সেক্টর), স্বয়ংক্রিয়ভাবে E & S ঝুঁকি রেটিং- উচ্চ, মধ্যম, নিম্ন নির্ধারিত হবে।

E & S ডিউ ডিলিজেন্স প্রক্রিয়া, ESDD চেকলিষ্ট পূরণ সাধারণভাবে ডেস্কটপ পর্যালোচনায় অন্তর্ভুক্ত। ব্যবসায়িক কর্মকাণ্ডের সাথে সম্পর্কযুক্ত সম্ভাব্য E & S ঝুঁকি সমূহ বুঝার জন্য প্রযুক্তি বিশেষজ্ঞদের নিয়ে একটি সাইট দেখার প্রয়োজন হতে পারে; যদি প্রয়োজন পড়ে অথবা ব্যাংকের E & S প্রয়োজনীয়তা গ্রাহক কর্তৃক পরিপালন হচ্ছে কিনা তা পর্যালোচনা করা দরকার হয়। E & S সংক্রান্ত তথ্যগুলোকে সমর্থন করার জন্য প্রাসঙ্গিক নথি সমূহ সংগ্রহ করা আবশ্যিক। ব্যাংকারদের প্রমানক সংগ্রহ করার কাজে সহায়তার জন্য ESDD চেকলিষ্ট এর প্রাসঙ্গিক নির্দেশিকা রয়েছে। নিম্নে ESDD পরিচালনার সাধারণ ধাপগুলো বিবৃত করা হলো।

- \* ধাপ ১- বর্জন তালিকা: আর্থিক প্রতিষ্ঠান দ্বারা স্বীকৃত বর্জন তালিকাভুক্ত কর্মকান্ড অনুযায়ী প্রকল্পকে যাচাই করা।
- \* ধাপ ২- পরিবেশ অধিদপ্তরের শ্রেণীকরণ: এই ধরনের অপারেশন এর সংগে সাধারণতঃ যুক্ত শিল্প খাত এবং পরিবেশ ও সামাজিক ইস্যুগুলোর পর্যালোচনা।
- \* ধাপ ৩- ESDD:
  - প্রযোজ্য জাতীয় পরিবেশগত ও সামাজিক বিধি বিধানগুলোর বিপরীতে প্রকল্পটির পরিপালন কার্যক্রম পর্যালোচনা।
  - পরিবেশগত এবং সামাজিক ইস্যু সংক্রান্ত জাতীয় প্রবিধানমালা বা নেতিবাচক প্রচারে সম্ভাব্য অপরিপালিত বিষয়সমূহের প্রকল্পের স্পনসরদের ট্র্যাক রেকর্ড পর্যালোচনা।
